দৈনিক ইনকিলাব

তারিখ 25 APR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৬

## শিক্ষাঙ্গন

### মেডিকেল প্রশ্নপত্র প্রসঙ্গে

গত ২ এপ্রিল অনুষ্ঠিত হল এমবিবিএস প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা। কিন্তু নানা প্রতিকূলতার মধ্য দিয়েও কর্তৃপক্ষ শুধুমাত্র ময়মনসিংহ কেন্দ্রে পরীক্ষা এই মাসের ৩০ তারিখে নিতে যাচ্ছে। যাক এ বছর মেডিকেলে ভর্তি হওয়া নিতান্তই ভাগ্যের ব্যাপার।

প্রশ্নপত্রে ১টি প্রশ্ন ছিল টলুইনকে জারিত করলে কি ঘটে? (ক) অ্যাসিটালডিহাইড (খ) বেনজয়িক এসিড (গ) বেনজালডিহাইড (ঘ) কোনটিই নয়।

অধ্যাপক সিরাজুল ইসলামের জৈব রসায়নে আছে, টলুইন তীব্রভাবে জারিত করলে বেনজয়িক এসিড আর মৃদুভাবে জারিত করলে বেনজালডিহাইড, উক্ত প্রশ্নে ছিল টলুইনকে জারিত করলে কি ঘটে? যেখানে তীব্র ও মৃদু কথা দু'টির উল্লেখ ছিল না। তাই, আমি বহু চিন্তা করে উত্তর করেছি বেনজয়িক এসিড ও বেনজালডিহাইড। যা সঠিক উত্তর। কিন্তু কতগুলো গাইড বই শুধু বেনজয়িক এসিডকেই সঠিক উত্তর চিহ্নিত করেছে। তাই কর্তৃপক্ষের নিকট জোর আবেদন, গাইড বইকে মূল্যায়ন না করে মেধাকে সঠিক মূল্যায়ন করে উপরোক্ত প্রশ্নের উত্তর যাতে B ও C ধরা হয়। তাহলেই হবে মেধার সঠিক মূল্যবান।

—মোঃ এমরান হোসেন,